গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ঢাকা
Phone/Fax : 02-8034024 e-mail Add: deodhaka@gmail.c

স্মারক নং: জেশিঅ/ঢা/ ২৪০১

তারিখ: ২০/১২/২০২০ খ্রি:

বিষয়: জাতীয় হাম-রুবেল (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগিতা সংক্রান্ত।

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২০১৯-২৩৪৯৭/১১ তারিখ- ০৬/১২/২০২০;

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।।
০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাউশি, বাংলাদেশ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, ঢাকা।
০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/সার্বিক, ঢাকা।
০৮। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঢাকা- পত্রের মর্মানুযায়ী তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে অবহিত করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৯। সংরক্ষন নথি।

২০.১২.২০২০
(মো: বেনজীর আহম্মদ)
জেলা শিক্ষা অফিসার
ঢাকা।

১৩৫৫০/১৩/১০ ২৭.১২.২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২০১৯- ২৬৪৯৭/৫২- তারিখ : ০৬/১২/২০২০খ্রি.

জাতীয় হাম-রুবেলা(এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগীতা সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সমন্বয় শাখার ২৬/১১/২০২০ তারিখের নং-৩৭.০০.০০০০.০০০.১৬.০০৫.১৬.৪৪০ স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অত্র অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :</u>

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৪। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ, সকল(সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৫। উপ-পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল(সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৭। জেলা শিক্ষা অফিসার, সকল, (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৮। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল(সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৯। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১১। সংরক্ষণ নথি।

০৬/১২/২০২০

(মো: রুহুল মমিন)
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ৯৫৫৩৬০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.১৬.০০৫.১৬.৪৪০

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

বিষয়: জাতীয় হাম-রুবেল (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগিতা সংক্রান্ত।

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগ সচিব মহোদয়ের আধা-সরকারি পত্র নং-৪৫.০০.০০০০.১৭১.৭০. ০০১.২০/৪১৩, তারিখ: ১৮ নভেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রে বর্ণিত আসন্ন হাম-রুবেল টিকাদান ক্যাম্পেইন-২০২০ সফলভাবে বাস্তবায়নের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে সর্বাত্মকভাবে সহযোগিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৬-১১-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.১৬.০০৫.১৬.৪৪০/১(৩)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৬-১১-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব

উপ-সচিব (প্রশাসন) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ডায়েরী নং ২৩৫৭ তারিখ ২৬/১১/২০

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং-৪৫.০০.০০০০.১৭১.৭০.০০১.২০/ ৪২৬

তারিখঃ ১৮ নভেম্বর-২০২০ খ্রিস্টাব্দ
০৩ অগ্রহায়ণ-১৪২৭ বঙ্গাব্দ

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর অধীন সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) ১৯৭৯ সাল থেকে শিশুদের বিভিন্ন সংক্রামক রোগজনিত মৃত্যু ও পঙ্গুত্বের হার কমিয়ে আনার লক্ষ্যে সারাদেশে টিকাদান কর্মসূচি পরিচালনা করে আসছে। ইপিআই-এর অন্যান্য লক্ষ্যসমূহের মধ্যে ২০২২ সাল নাগাদ জাতীয় পর্যায়ে হাম- রুবেলা (এমআর) টিকার কভারেজ শতকরা ৯৫ ভাগে উন্নীতকরণ এবং ২০২৩ সাল নাগাদ হাম-রুবেলা দূরীকরণ অবস্থা অর্জন অন্যতম। হাম-রুবেলা রোগ ও এর জটিলতা থেকে রক্ষা পাবার সর্বোৎকৃষ্ট উপায় হল সঠিক সময়ে শিশুকে হাম- রুবেলা (এমআর) টিকা প্রদান করা। নিয়মিত টিকাদান কর্মসূচিতে শিশুদেরকে ৯ মাস ও ১৫ মাস বয়সে মোট ২ ডোজ এমআর টিকা প্রদান করা হয়ে থাকে।

হাম নির্মূল ও রুবেলা নিয়ন্ত্রণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সরকার ৯ মাস থেকে ১০ বছরের নিচের সকল শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদানের উদ্দেশ্যে আগামী ০৫ ডিসেম্বর-২০২০ থেকে ১৪ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ (১৯ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ থেকে ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ) ৬ সপ্তাহব্যাপী "হাম- রুবেলা টিকাদান ক্যাম্পেইন- ২০২০" পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ক্যাম্পেইন চলাকালে সারাদেশে ৯ মাস থেকে ১০ বছরের নিচের প্রায় ৩ কোটি ৪০ লক্ষ শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদান করা হবে। উল্লেখ্য যে, চলমান কোভিড-১৯ বৈশ্বিক মহামারি বিবেচনা করে দেশে বিদ্যমান শারীরিক দূরত্ব বজায়, মাস্ক পরিধান, হাঁচি-কাশির শিষ্টাচার পালন ও সঠিক পদ্ধতিতে হাত ধোয়া ইত্যাদি স্বাস্থ্য সুরক্ষামূলক নিয়মাবলীর যথাযথ প্রতিপালন সাপেক্ষে ক্যাম্পেইনটি পরিচালিত হবে।

আসন্ন "হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০" সফলভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রস্তুতিমূলক কাজ যেমন টিকাদান কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদান, সম্মানিত শিক্ষকগণের মাধ্যমে শিক্ষার্থীদের টিকা গ্রহণ নিশ্চিতকরণ ও টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করতে অভিভাবকগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণ নিশ্চিত করা একান্ত প্রয়োজন।

অতএব, আসন্ন "জাতীয় হাম- রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন- ২০২০" সার্বিকভাবে সফল করতে আপনার অধীন সকল কর্মকর্তাকে জাতীয় গুরুত্বপূর্ণ এই কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আন্তরিকভাবে অনুরোধ করছি।

23 NOV 2020

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

শুভেচ্ছান্তে -

মোঃ আবদুল মান্নান

জনাব মোঃ মাহবুব হোসেন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।